দৈনিক বাংলা

তারিখ ... ২১।৮।৭৪ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

# দশ হাজার বছর আগের নরকঙ্কাল

হংকং, ২০শে আগস্ট (এ-এফপি)।—হোপেই, কোয়াংশি ও কুয়ানতুং প্রদেশের তিনটি পৃথক পৃথক নিওলেথিক এলাকায় চীনের প্রত্নতাত্ত্বিক বিষয়ক কর্মীরা (৪ হাজার থেকে দশ হাজার বছর আগের) নিওলেথিক যুগের মানুষের কংকাল, মানুষের শিল্পকর্মের চিহ্নবাহী পাথর ও হাড়, মৃৎপাত্র এবং অন্যান্য মূল্যবান দ্রব্যাদি উদ্ধার করেছে।

গত শুক্রবার নয়া চীন সংবাদ সংস্থার খবরে বলা হয়, হোপেই প্রদেশে উ-আন কাউন্টির মৃস-শান এলাকায় ৭ হাজার বছর পূর্ব থেকে এসব অনাবিষ্কৃত পড়ে ছিল।

এসব দ্রব্যাদির মধ্যে রয়েছে কুঠার, কোদাল, বাটালী, শান-পাথর, পাথরের রোলার, মাটির পাত্র, ইউর্বোসিন, থালা, বাটী ও হাড়ের তৈরী তীরের ফলক, চুলের কাটা ও সূচ।

খাদ্য সংরক্ষণের উপযোগী গহবর, শস্যদানার চিহ্ন, শিকারের সরঞ্জাম, বাসগৃহ হিসেবে আধা গভীর গহবর এবং শূকর, মেষ, হরিণ ও ষাঁড়ের কংকালও অত্র এলাকায় পাওয়া গেছে।

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## নরকঙ্কাল

(১ম পৃঃ পর)

এসব আবিষ্কৃত দ্রব্যাদি থেকে অনুমিত হয় যে প্রায় ৭ হাজার বছর পূর্ব থেকেই চীনাদের পূর্বপুরুষেরা স্থায়ী বসতি স্থাপন করে জীবনযাপন করতো এবং তারা কৃষি কাজ ও পশু-পালন করতো।

কোয়াংশি প্রদেশের চিন চৌ কাউন্টিতেও ৫০টিরও বেশী পাথরের কোদাল, কুঠার, বাটালী, ছুরি ও হাতুড়ী এবং উল্কা-পিন্ডের পাথরের ক্ষুদ্র ক্ষুদ্র অংশ খননকার্য চালিয়ে আবিষ্কার করা হয়েছে।

এছাড়াও নানা নকশা আঁকা মৃৎপাত্র এবং কাদা ও বালি মিশিয়ে তৈরী মৃৎপাত্রও উদ্ধার করা হয়েছে।

কুয়াং তুং প্রদেশের নানহাই কাউন্টিতে বিভিন্ন ধরনের শংখ, মাছের কাঁটা, কচ্ছপ, পাখী, জীবজন্তু ও গৃহপালিত জীবের হাড় ইত্যাদি দিয়ে গঠিত একটা শংখ-স্তূপ রয়েছে।

প্রায় একশ বর্গ মিটার এলাকায় দুটো বাসগৃহ ও ৬টি নর-কংকাল পাওয়া গেছে। এগুলো প্রায় ফসিলে রূপান্তরিত হয়ে গেছে। এগুলোও খননকার্য চালিয়ে আবিষ্কার করা হয়েছে।